# অনড় ভাবনায়

আমার জীবনের শিলালিপি
বাস্তবের বৈশিষ্ট্যে এলোমেলো-
এখন প্রৌঢ়ে সঞ্চিত অভিজ্ঞতায় শৃঙ্খলিত ঘটনার স্মৃতি।
আমার সেই সঞ্চয়ে ভরসা খুঁজে বেড়াই
মানুষের বিস্তৃত নশ্বর ইতিহাসে
কিম্বা অনিত্য, প্রচলিত সামাজিক বিশ্বাসে।

আমার 'স্বর্গ' আমারই সৃষ্ট
আমার অন্তর-গঙ্গায় প্রবাহিত হয়
আমারই মাধুর্যময় স্মৃতির বিস্ময়!
তথাপি নিশ্চিন্ত হ'তে পারি না,
উৎকন্ঠা কঠিন।
আমার ভাবের মোহনা মহামায়ার মহাসমুদ্রে বিবর্তনের অধীন।

আমার সেই স্বর্গে নিশ্চয়তা নেই
তবে অলীক সুখ আছে মনে হয়
চিন্তার প্রবাহে, মুহুর্মুহু বিশ্লেষণের পরও সিদ্ধান্তের অপরিবর্তন
আমাকে তৃপ্ত করে ক্ষণিকের তরে-
তথাপি দ্বিধা র'য়ে যায়-দ্বিধা অনেক
পরিণতির সোপানে কালের প্রবাহে মহামায়া প্রায়শ বিবর্তনের মুখে ঠেলে।

তথাপি আমার ভাবনাতেই আমার সুখ
অন্যথায় প্রসারিত সেই তৃপ্তি কিছুতেই পাই না।
নানান ক্ষেত্রে আমার ভাবনা
শাশ্বত ভাবনার সংগে সমান্তরাল হয় না।

এ আমার 'ডি এন এ'র দোষ-আমার নয়
আমার চিন্তার বৈপরীত্যে অতি স্বাভাবিক বিবর্তনও কখনও বিষম বোধ হয়!

তা ব'লে কি আমার ভাবনায় আত্মসমর্পণ নেই?
এ বিশ্বে আমার স্থিতির সাময়িক মানচিত্রে
আমি যা দেখতে পাই-আমার মতো ক'রে তাই লিখি।
আমার প্রতি কারো বিশ্বাসের কোনো শর্ত নাই
আমি আমার অস্পষ্ট ভাবনা নিয়েই
এই সদা পরিবর্তনশীল জগতে অটুট হ'য়ে বাঁচতে চাই।

আমি আমার মানসপটে
আমার নামহীন নির্মাণ কৌশল নিজেই রচনা করি।
নিজের উপলব্ধ সত্যে আমার দায়বদ্ধতা আছে।
ভাবাবেগে কখনও হয়তো বা নিজেকে সামলাতে পারি না,
আমার সেই সময়ের দর্শন হয়তো বা সকলের সম্মতিও পায় না।
তথাপি সেই সময় মানুষের প্রতি ভালবাসাই আমাকে সঞ্জীবিত রাখে।